ইত্তেফাক

C85

তারিখ ...৩০/৭/৮৪...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

উৎসব ভাতা এবং চিত্ত বিনোদনের ছুটি ও ভাতা প্রসঙ্গে

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ সম্ভ প্রকাশিত "টাইম স্কেলে" এক শ্রেণীর সরকারী কর্মকর্তা এবং সরকারী কর্মচারীদের জন্য বিশেষ সুবিধার ব্যবস্থা রাখিয়া বৈষম্য সৃষ্টি করিয়াছেন। উক্ত মন্ত্রণালয় ২-৬-৮৪ তারিখে এম, এফ, পি/এফ, ডি, (ইস্পা)-৪/এফ বি/১২/৮৪/৭৮ নম্বরের আর এক ব্যতিক্রমধর্মী বৈষম্যমূলক বিজ্ঞপ্তি প্রকাশ করিয়াছেন। উক্ত বিজ্ঞপ্তিতে সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চলতি বৎসর হইতেই প্রতি বৎসর একমাসের মূল বেতনের সমপরিমাণ যে "ঈদ উৎসব ভাতা" প্রদানের কথা বলা হইয়াছে তাহা নিশ্চয়ই প্রশংসার দাবী রাখে। কিন্তু গোল বাঁধিয়াছে এইখানেই, যেখানে বলা হইয়াছে সরকারী কর্মকর্তাদের (গেজেটেড অফিসার) কেহ যে বৎসর "ঈদ উৎসব ভাতা" গ্রহণ করিবেন সেই বৎসর তিনি "চিত্তবিনোদনের ছুটি ও চিত্তবিনোদন ভাতা" পাইবেন না। এই আদেশ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীর বেলায় প্রযোজ্য নয়। অর্থাৎ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী "ঈদ উৎসব ভাতা" এবং "চিত্ত বিনোদনের ছুটি ও ভাতা" দুইটির সুবিধাই পাইবেন। আর সরকারী কর্মকর্তারা পাইবেন দুইটির যে-কোন একটি। এই বিজ্ঞপ্তি যাঁহারা পড়িয়াছেন তাঁহারা নিশ্চয়ই স্বীকার করিবেন যে অর্থ মন্ত্রণালয় সরকারী কর্মকর্তাদের প্রচলিত চিত্ত-